গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৫.১৯. ৮০৮ তারিখ: ০৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ। / ২০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: **গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া পৌরসভায় কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদান বিষয়ে তথ্যাদি প্রেরণ প্রসংগে।**

সূত্র: মেয়র, কোটালীপাড়া পৌরসভার পত্র নং-৭৫৬, তারিখ: ০৫/০৬/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া পৌরসভায় জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণের জন্য মেয়র, কোটালীপাড়া পৌরসভা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) জনবল নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট পৌর পরিষদের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী (**সভায় উপস্থিত সকল সদস্যের স্বাক্ষরসহ কার্যবিবরণী**);

(খ) কোটালীপাড়া পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদিসহ বিদ্যুৎ বিল হালনাগাদ পরিশোধিত রয়েছে কিনা সে সংক্রান্ত প্রমাণক;

(গ) কোটালীপাড়া পৌরসভার বর্তমান অর্থ বছরে রাজস্ব/নিজস্ব আয় কত নির্ধারণ করা হয়েছে এবং পৌরসভার রাজস্ব/নিজস্ব আয় থেকে বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে রাজস্ব ঘাটতি ঘটবে কি না সে বিষয়ে প্রমাণকসহ প্রত্যয়ন;

(ঘ) পরিচ্ছন্ন কর্মী ব্যতিত অন্য কোন পদে অস্থায়ী/চুক্তিভিত্তিক আউটসোর্সিং/মাস্টাররোল কর্মচারী কোটালীপাড়া পৌসভায় কর্মরত রয়েছে কিনা সে বিষয়ে প্রত্যয়ন

(ঙ) উক্ত পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পিএফজিএফ বকেয়া রয়েছে কিনা এবং সে তথ্য প্রমিজ সফটওয়ারে প্রদান করা হয়েছে কিনা সে সংক্রান্ত প্রমানকসহ প্রত্যয়ন;

(চ) স্থানীয় সরকার বিভাগ হতে চাহিত কোটালীপাড়া পৌরসভার রাস্তার তথ্য প্রমিজ সফটওয়ারে প্রেরণ করা হয়েছে কিনা এবং উক্ত পৌরসভার ত্রৈমাসিক আয়-ব্যয়ের হিসাব প্রমিজ সফটওয়ারে নিয়মিত প্রেরণ করা হচ্ছে কিনা সে বিষয়ে প্রমানকসহ তথ্য:

(ছ) যে সকল কর্মচারী নিয়োগের প্রস্তাব করা হয়েছে সে সকল কর্মচারীদের নিয়োগ দেয়া হলে তাতে বেতন-ভাতা বাবদ মাসে মোট কত টাকা পৌরসভার রাজস্ব/নিজস্ব ব্যয় হবে;

(জ) বর্তমানে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ মোট কত টাকা ব্যয় হয়;

(ঝ) পৌরসভা কর্তৃক পরিচালিত বিভিন্ন ব্যাংক হিসাবের স্থিতির বিবরণ (ব্যাংক ওয়ারী পৃথক পৃথক ভাবে);

(ঞ) উক্ত পৌরসভায় বর্তমানে কতজন কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক বাবদ মোট কত টাকা বকেয়া রয়েছে, বর্তমানে কত টাকা পরিশোধ করা হয়েছে এবং বকেয়া আনুতোষিকের প্রাপ্যতা অনুযায়ী কত শতাংশ পরিশোধ করা হয়েছে সে সংক্রান্ত তালিকা প্রেরণ;

(ট) কোটালীপাড়া পৌরসভার সাংগঠনিক কাঠামোর আওতায় কোন জীপগাড়ী ক্রয় করা হয়েছে কিনা, হয়ে থাকলে বর্তমানে কয়টি জীপগাড়ী রয়েছে এবং

(ঠ) স্থানীয় সরকার বিভাগের ২০ জানুয়ারি, ২০২০ খ্রি: তারিখে ২২ (বাইশ) জন কর্মচারী নিয়োগের ছাড়পত্র দেয়া হয়। উক্ত পদে নিয়োগ প্রদান করা হয়েছে কিনা, বর্তমানে চাহিত ছাড়পত্রে উল্লিখিত কর্মচারীগণের সাথে কোন ডাবল কর্মচারী রয়েছে কিনা, মুল অর্গানোগ্রামের সাথে বর্তমানে কর্মরত পদের এবং ছাড়পত্রে চাহিত পদের অবস্থান চিহ্নিত করে প্রতিবেদন প্রেরণ।

20/06/2022
(মো: আব্দুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২
e-mail: lgpaura1@lgd.gov.bd

মেয়র
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

**অনুলিপি:**

০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।